Proper Guidance Can Give an Enlightened Generation

SMNSSC

ADMISSION INSTRUCTION BOOK 2027

www.smnssc.com







24 Years of Trust

SHIMUL MEMORIAL NORTH SOUTH SCHOOL & COLLEGE

PARENTAL CARE, GUIDANCE AND RESPONSIBILITY

Raising Confident Learners, Caring Individuals and Responsible Citizens

Dear Parents and Guardians,

Every child needs someone who listens with patience, guides with care and believes in his/her ability to grow. Your everyday words, actions and expectations help shape how your child approaches learning, treats others and responds to challenges. At Shimul Memorial North South School & College, we value parents as essential partners in this journey.

Be present, listen with care. Make time to understand your child's experiences, interests and concerns. Ask about what they learned, what made them happy and what they found difficult. Give him/her your full attention and allow his/her to finish speaking. A trusting relationship gives children room to share mistakes and seek help.

Guide their goals through shared decisions. Discuss your child's ambitions and help them explore their interests and abilities. Offer age-appropriate choices and explain the reasons behind important decisions. Set realistic learning goals together, review progress and adjust plans when necessary. Your experience can guide them while allowing their own judgment to develop.

Value understanding alongside academic results. Encourage your child to explain ideas, ask questions and apply knowledge in everyday situations. Celebrate good results while also recognising honesty, effort, improvement and effective study habits. A GPA of 5 is a worthy achievement; a lasting love of learning gives that achievement a stronger foundation.

Build consistent routines and responsible habits. Establish a manageable daily routine that includes school attendance, study, meals, rest, physical activity and family time. Help younger children prepare their school materials, then gradually allow them to take greater responsibility. Clear routines should support increasing independence.



Support learning without taking over. Provide a suitable study space, show interest in schoolwork and ask questions that help your child think. Allow them to complete their own assignments and learn from corrections. When difficulties continue, consult the teacher about appropriate support. The aim is to help children develop the confidence and skills to work independently.

Combine warmth with clear expectations. Explain family rules calmly and apply them fairly. Help your child understand how their behaviour affects other people. Address mistakes without humiliation, threats or comparisons. Encourage them to acknowledge what happened, make amends and practise a better response.

Teach values through everyday actions. Children observe how adults speak, keep promises, handle disagreements and treat others. Model the honesty, kindness and respect you wish to see. Simple responsibilities, such as caring for belongings, helping at home and respecting shared spaces, provide meaningful opportunities to practise these values.

Protect time for rest, play and exploration. Give your child opportunities to enjoy books, sports, art, music, nature and friendships. Keep commitments manageable and consider their interests when choosing activities. A balanced routine makes room for both academic responsibilities and the experiences of growing up.

Guide technology use with attention and purpose. Agree on suitable times, places and purposes for using digital devices. Discuss privacy, respectful online behaviour and the importance of checking information. Encourage your child to tell a trusted adult about uncomfortable online experiences. Model responsible use by setting aside devices during family conversations and other shared moments.

Understand feelings and notice changes. Take your child's concerns seriously, even when the problem seems small to an adult. Changes in participation, friendships or willingness to attend school deserve a calm conversation. Stay curious rather than making assumptions, and work with the school when additional support is needed.

Encourage participation and belonging. Support age-appropriate involvement in classroom discussions, clubs, cultural activities, sports and community service. Ask what your child enjoyed, contributed and learned. Recognise cooperation and commitment alongside prizes, helping them appreciate both personal progress and shared achievement.

Maintain a constructive partnership with teachers. Follow school notices, attend parent–teacher meetings and share information relevant to your child's learning. Discuss specific concerns respectfully and agree on practical next steps. Consistent communication between home and school helps both understand the child's needs more clearly.

Keep love and respect unconditional. When results disappoint or plans go wrong, reassure your child that your relationship remains secure. Discuss what can be improved and what support is available. Let him/her hear: "We can work through this together. Your progress matters, and you can ask for help."

Our shared commitment. Together, let us give children the guidance to make responsible choices, the courage to ask questions and the confidence to keep learning. With thoughtful parenting and purposeful education, we can help them grow in knowledge, capability and compassion.

Listen with patience. Guide with understanding. Encourage responsibility. Grow together.

Our Exceptionality...

- *Group teaching system and happy learning environment are provided.*
- *Children's abilities and talents are developed within the framework of National and challenging curriculum.*
- *Less attentive and slow students are specially cared.*
- *Class tasks are completed in the class room.*
- *Various types of exams are taken to inspire students' competitive mentality.*
- *Spiritual, moral values and a sense of responsibility for the community are fostered.*
- *Various types of prizes are delivered to the students to encourage their latent talent.*
- *Subject wise lecture sheet, lesson plan, hand note, figure suggestion and solves are delivered.*
- *Guardians are included and informed of their children's activities so that children can achieve their full potentiality.*
- *Science fair, excursion, celebration of all the national and international days, Birth days, Annual picnic, Report declaration, different competitions like cultural, debate, essay writing, hand writing, indoor & outdoor games and so many co-curricular programs are arranged to develop an aesthetic awareness and creativity of the students.*
- *Safe and secure environment is provided with close circuit camera and close door system.*
- *Pure drinking water, nutrition care, health care, 1st AID treatment etc. are available.*
- *Clean, spacious and fully air-conditioned classroom, computer lab, science lab and library facilities are provided.*
- *Modem facilities of teaching equipments like multimedia projector, sound system, attractive digital voice etc. are shifted in classrooms.*
- *It carries various types of additional educational activities like Bengali Club, English Society, Debating Society, Science Club, Information & Technology Club, Singing Club, Dancing Club, Acting Club, Reciting & Hosting/RH Club, Art & Craft Society, Sporting Club (Indoor & Athlete), Sporting Club (Troop & Field), Baden Family, Interact Club, Nature & Environment Club etc.*

About Admission...

Students may be admitted in more than one section for every class i.e. from Play to class Nine with limited seat quantity. Guardians must meet the admission committee to be informed vastly before admission and committee has the complete power of decision about admission.

Students have to collect khata, note book, batch, tie, ID card etc. with school monogram from the school office when the class will be started. In case of tie & Id card, first time these would be sponsored to the student at free of cost from the school. Next time students have to collect these paying at office.

Admission Procedures...

- ☑ *At first the admission form, prospectus and other papers have to be collected from school office paying Tk. 400/- only.*
- ☑ *The Students have to be present after filling up the form properly.*
- ☑ *An oral test is required for admission. Students from Class Four to Class Nine must submit there progress report at the time of admission.*
- ☑ *If the student is selected for admission, guardian has to complete the procedures of admission by paying the total amount of fees which are non refundable in any way.*
- ☑ *One copy of stamp size and two copies of passport size photographs and the copy of birth registration certificate and one copy attested passport size photograph of parents along with the copy of their NIDs must be attached with the admission form, otherwise the admission will remain incomplete.*

SMART Goal Examples for Teachers

We also announce the most awaited information that "We secure a permanent role within our school by completing the required teachers training program." The teachers maintain the following goals.

SMART goals for teachers can help them develop their careers, which in turn will help their pupils.

Specific	:	*This is focused on securing an individual role.*
Measurable	:	*The teacher can measure the pass rate of their training program.*
Attainable	:	*As the goal-setter knows a permanent role will be available, it's realistic to attain this. While the final hiring decision is out of their control, they're in a good position to make this goal possible.*
Relevant	:	*This goal relates to the teacher's career path. As the training program is required for the role, the main action is relevant.*
Time-bound	:	*The teacher needs to apply for the role by the end of the year.*



Teachers' and Students' Debate Competition

SCHOOL ADMISSION
ADMISSION
2027
NOW OPEN

A good result at foundation paves the way for higher eduction. For getting a good result SMNSSC always provides the following educational stuffs and co-curricular programme as well

Educational stuff

Different booklists of all classes as required.
Syllabus of all subjects according to the term final exam as required for all the classes .
All kind of khata (subject wise)
Writing papers
Exam papers
Notice sheet on different issues.

Other educational stuff

Prospectus
Academic calendar
Annual calendar
Annual souvenir

Uniform

Selected school uniform
Selected pullover & Coat
Selected tie
Student ID card

Examination

Weekly exams
Card exams
Tutorial exams
Grammar test in both English & Bengali
Handwriting competition in both English & Bengali
Vocabulary test in both English & Bengali
Presentation on a selected topic in both English & Bengali
Other various tests & competition
Model test
Term exams
Top place exams
Booster test

Special service

Regular medical Advice
First aid treatment
Class teacher support service
Guide teacher support service
One of one teaching support service for weak student
Strong cultural service with cultural specialists like music teacher, dance, teacher, reciting & drama teacher etc. Physical fitness supported by 35 Girl guides and physical teacher.

Miscellaneous program

Picnic/Annual feast
Study tour/Excursion
Annual sports
National & international programs
Education/Science/Baishakhi fair
Birthday celebration
Class party
Farewell
Participation on various cultural issues at different venues.

Why I Want to Enroll My Child at Shimul Memorial North South School and College

☞ High-Quality Education System

⇒ The academic curriculum is well-structured and aligned with national standards.
⇒ The institution emphasizes concept-based learning and deep understanding.
⇒ Regular assessments help monitor students' progress effectively.

☞ Skilled and Experienced Teachers

⇒ Every subject is taught by well-trained, experienced, and dedicated teachers.
⇒ Teachers not only focus on academics but also support students' emotional and social growth.
⇒ Individual attention and academic support are provided when needed.

☞ Advanced Teaching Methods

⇒ Student-centered and interactive teaching approaches are used.
⇒ Lessons are delivered using creative techniques and real-life examples.
⇒ Continuous feedback and homework monitoring ensure better learning outcomes.

☞ Modern Smart Classrooms

⇒ Equipped with digital boards, multimedia projectors, and Audio Visual tools.
⇒ Technology-integrated teaching makes learning engaging and effective.
⇒ Enhances visual and auditory learning for better retention.



☞ Practical Science Learning Facilities

⇒ State-of-the-art science labs promote hands-on experiments and discovery.
⇒ Encourages scientific thinking and curiosity among students.
⇒ Real-world applications of science are explored during classes.

☞ Safe and Healthy Environment

⇒ Clean, spacious, and well-ventilated classrooms ensure physical comfort.
⇒ Safe drinking water and strong safety protocols are in place.
⇒ A calm, friendly, and inclusive atmosphere supports mental well-being.

☞ Discipline and Order

⇒ The school maintains a strict code of conduct, punctuality, and uniform standards.
⇒ Emphasis is placed on responsibility, self-control, and respectful behavior.
⇒ A well-regulated environment helps build good habits and structure.

☞ Manners and Moral Education

⇒ Moral values such as honesty, respect and compassion are regularly taught.
⇒ Ethical lessons are integrated into daily activities and interactions.
⇒ Students are guided to become not just good learners but also good human beings.

☞ Co-Curricular Activities

⇒ Wide range of options including debate, general knowledge, drawing, music, and sports.
⇒ Helps discover and develop students' talents and confidence.
⇒ Participation in local and national competitions is encouraged.

☞ Strong Parent-Teacher Communication

⇒ Regular meetings and feedback keep parents updated on academic progress.
⇒ Parents are involved in the learning process and school activities.
⇒ Problems and concerns are addressed collaboratively.



Quality and Uniqueness of Shimul Memorial North South School & College

☞ Quality Education:

Shimul Memorial North South School & College has established itself as a beacon of excellence in the education sector of Bangladesh. The institution follows a well-structured, curriculum-based, and values-driven academic program designed to foster both academic competence and personal development.

- Emphasis on concept-based learning rather than rote memorization.
- Regularly updated syllabus aligned with NCTB's latest curriculum and global educational trends.
- Special care is taken to nurture ethical values, patriotism, discipline, and leadership skills among students.
- Students consistently achieve excellent results in public examinations, and many go on to secure positions in prestigious universities both nationally and internationally.

☞ Teacher's Skills and Expertise:

At Shimul Memorial North South School & College, teachers are considered the heart of the institution. Their skills and continuous professional development distinguish this school.

- All teachers are academically qualified, experienced, and trained in modern teaching methodologies.
- Regular teacher training workshops, seminars, and capacity-building programs ensure up-to-date pedagogical practices.
- Emphasis on interactive and activity-based learning techniques.
- Teachers demonstrate expertise in managing both in-person and digital classrooms with equal proficiency.
- Strong focus on student psychology, classroom management, differentiated instruction, and inclusive education.

☞ Modern Class Activities:

The institution designs classrooms as learning hubs rather than traditional teacher-centric spaces.

- Smart classrooms equipped with multimedia projectors, audio-visual aids, and digital boards.
- Use of interactive lesson plans, role-playing, group work, problem-solving tasks, debates, quizzes, storytelling sessions, and presentations.
- Focus on STEAM (Science, Technology, Engineering, Arts, Mathematics) based activities.
- Students engage in project-based learning, preparing charts, models, and demonstrations.
- Regular classroom exhibitions and science fairs to showcase students' creativity.

☞ Extracurricular Activities:

A standout feature of Shimul Memorial North South School & College is its vibrant extracurricular program, which nurtures well-rounded students.

- Annual sports meet, debate competitions, art contests, recitation, essay writing, music, and dance programs.
- Cultural festivals, observance of national days, international link programs, and educational fairs.
- Clubs for science, debate, music, art, computer, reading, nature lovers, and photography.
- Study tours, educational excursions, leadership training, scouting, and camping programs.
- Active participation in Olympiads, inter-school competitions, and community service programs.

Quality and Uniqueness of Shimul Memorial North South School & College

☞ Education, Culture, Nature & Science:

The institution integrates education with culture, nature, and scientific curiosity.

- Students celebrate Bangla New Year (Pohela Boishakh), International Mother Language Day, Independence Day, and Victory Day with elaborate programs.
- Nature-based activities like tree plantation, rooftop gardening, and environmental awareness campaigns.
- Science exhibitions, practical experiments, nature walks, and observation of natural phenomena.
- Hosting cultural heritage programs, drama performances, and folk music concerts.
- Regular observation of important international days (Environment Day, Earth Day, World Health Day) with thematic programs.

☞ Interactive Teaching and Learning:

The school believes in fostering an engaging and student-friendly learning environment.

- Adoption of learner-centered teaching techniques, including group discussion, case studies, brainstorming sessions, and interactive multimedia presentations.
- Use of educational games, flashcards, puzzles, and dramatization for junior sections.
- Emphasis on critical thinking, problem-solving, creativity, and communication skills.
- Use of assessment for learning (AfL) techniques — regular feedback, peer evaluation, self-assessment, and formative assessment.
- Open-door policy for student-teacher interaction outside class hours for academic support and counselling.

☞ Why This Institution is Extraordinary and Unique?

- Blending modern education with moral and cultural values.
- Highly skilled, trained, and compassionate teaching staff.
- Advanced classroom technologies and digital resources.
- Extensive extracurricular opportunities to foster leadership and creativity.
- Integrated focus on nature, science, and national heritage.
- Interactive, student-centered teaching methodologies.
- Dedicated to holistic education and nurturing humane, confident, and capable future citizens.

Shimul Memorial North South School & College stands out not just as an educational institution but as a dynamic learning community where students are nurtured intellectually, emotionally, socially, and ethically. Its commitment to quality education, cultural richness, and innovative teaching practices makes it a model institution and a source of community pride.

অভিভাবকবৃন্দের উদ্দেশ্যে চেয়ারম্যান মহোদয়ের বিশেষ আহ্বান

সম্মানিত অভিভাবকবৃন্দ
আস্‌সালামু আলাইকুম।

আশাকরি আপনি/আপনারা ভালো আছেন, সুস্থ আছেন। আপনাদের উদ্দেশ্যে একটি কথা না বললেই নয়। অনেক অভিভাবক মনে করেন সন্তান বিদ্যালয়ে ভর্তি করিয়ে দিলেই দায়িত্ব শেষ। কিন্তু না, শুধুমাত্র এতেই আপনার দায়িত্ব শেষ হয়ে যায় না। আপনার মূল দায়িত্ব হচ্ছে নিয়মিত সন্তানের পড়াশোনার খোঁজ নেওয়া, বিদ্যালয়ে সময়মতো পাঠানো, বাড়িতে পড়তে বসার পরিবেশ তৈরি করে দেওয়া এবং সন্তানের পাশে বসে হোমওয়ার্ক এর কাজে সহযোগিতা করা, সন্তানের সার্বিক অগ্রগতি সম্পর্কে নিয়মিত খোঁজ-খবর নেওয়া ইত্যাদি।

তাই সন্তানের সুন্দর ভবিষ্যৎ ও শিক্ষার স্বার্থে সকল অভিভাবকবৃন্দের সচেতনতা ও আন্তরিক সহযোগিতা কামনা করছি।



SCHOOL ADMISSION
ADMISSION 2027
NOW OPEN

Quality Education is served through...

- Standard Class Size
- Loving and Caring Environment
- Individual Education Plan
- Dedicated Teachers and Staff
- Digital Classroom
- Co-curricular activities

Our Classes

Pre Primary | Primary | Junior Secondary | Secondary | Higher Secondary

More Than a School
A Brighter Future

ADMISSION SCHEDULE

01 Form distribution will start on 01 November, 2026.
ফরম বিতরণ শুরু ০১ নভেম্বর, ২০২৬।

02 Admission will take place for the new student from class Play to Two from 01 November, 2026 through instant meet. প্লে গ্রুপ থেকে ২য় শ্রেণি পর্যন্ত নতুন ছাত্রছাত্রী ভর্তি শুরু ০১ নভেম্বর, ২০২৬।

03 Admission of the students from different schools (Three to Nine) will start on the basis of Annual Progress Report after the annuncement of the result of their respective schools. ভিন্ন স্কুল হতে আগত ৩য় থেকে ৯ম শ্রেণির ছাত্রছাত্রীদের স্ব-স্ব স্কুলের বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশের পর প্রোগ্রেস রিপোর্ট এর ভিত্তিতে ভর্তি কার্যক্রম পরিচালনা করা হবে।

04 Admission of the students of our own (Nursery to Ten) will start on 17 December, 2026 and will end on 10 January, 2027 based on merit list after the declaration of Annual Result (Progress Report must be submitted). অত্র প্রতিষ্ঠানের নার্সারি থেকে দশম শ্রেণির ছাত্রছাত্রীদের বার্ষিক ফলাফলের মেধাক্রমের (প্রোগ্রেস রিপোর্ট অনুযায়ী) ভিত্তিতে ভর্তি শুরু হবে ১৭ ডিসেম্বর, ২০২৬ এবং শেষ হবে ১০ জানুয়ারি, ২০২৭।

05 Annual result will be declared on 15 December, 2026.
বার্ষিক পরীক্ষার ফলাফল প্রদান করা হবে ১৫ ডিসেম্বর, ২০২৬।

06 Admission procedures will continue from 9:00 am to 3:30 pm. ভর্তি কার্যক্রম চলবে সকাল ৯:০০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত।

07 Class activities will commence from 12 January, 2027.
ক্লাস কার্যক্রম শুরু ১২ জানুয়ারি, ২০২৭।

নৈতিকতা, নৈতিক মূল্যবোধ ও চরিত্র গঠনমূলক কার্যক্রম

সফল শিক্ষার্থীর পাশাপাশি ভালো মানুষ গড়ে তোলার অঙ্গীকার

শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল অ্যান্ড কলেজে শিক্ষা শুধু পাঠ্যবই, পরীক্ষা, নম্বর কিংবা একাডেমিক সাফল্যের মধ্যে সীমাবদ্ধ নয়। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, শিক্ষার প্রকৃত উদ্দেশ্য হলো জ্ঞানী, দায়িত্বশীল, শৃঙ্খলাবদ্ধ, সহানুভূতিশীল এবং নৈতিকভাবে দৃঢ় মানুষ তৈরি করা। এ কারণেই আমাদের শিক্ষা কার্যক্রমে নৈতিকতা, মূল্যবোধ, শিষ্টাচার, শৃঙ্খলা, সামাজিক দায়িত্ববোধ ও চরিত্র গঠনকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়।

আমরা চাই, আমাদের শিক্ষার্থীরা শুধু কোনটি সঠিক তা জানবে না, বরং দৈনন্দিন জীবনে সঠিক কাজটি করার অভ্যাস গড়ে তুলবে। সততা, সত্যবাদিতা, সম্মানবোধ, দায়িত্বশীলতা, দয়া, ধৈর্য, কৃতজ্ঞতা, সময়ানুবর্তিতা, পরিচ্ছন্নতা, সহযোগিতা, সহমর্মিতা, আত্মশৃঙ্খলা এবং বাবা-মা, শিক্ষক, বয়োজ্যেষ্ঠ ও সহপাঠীদের প্রতি সম্মান প্রদর্শনের শিক্ষা নিয়মিতভাবে আমাদের প্রাতিষ্ঠানিক কার্যক্রমে চর্চা করা হয়।

অনুশীলনের মাধ্যমে মূল্যবোধ শিক্ষা

আমরা বিশ্বাস করি, নৈতিক শিক্ষা তখনই অর্থবহ হয় যখন একজন শিক্ষার্থী বাস্তব জীবনে তা প্রয়োগ করতে শেখে। এজন্য শিক্ষার্থীদের Good Work Activities, অন্যকে সাহায্য করা, বিদ্যালয়ের নিয়ম মেনে চলা, পরিবেশ পরিচ্ছন্ন রাখা, প্রকৃতির যত্ন নেওয়া, ছোটদের প্রতি স্নেহশীল হওয়া, সহপাঠীকে সহযোগিতা করা, ভদ্রভাবে কথা বলা, নিজের ভুল স্বীকার করা এবং শ্রেণিকক্ষের ভেতরে ও বাইরে সুন্দর আচরণ করার জন্য উৎসাহিত করা হয়।

এক্ষেত্রে শিক্ষকরা শুধু পাঠদানকারী নন, তাঁরা শিক্ষার্থীদের Mentor ও Role Model। নিয়মিত দিকনির্দেশনা, আলোচনা, গল্প, শ্রেণিকক্ষের পারস্পরিক যোগাযোগ, দলীয় কাজ, আত্মমূল্যায়ন, কাউন্সেলিং এবং ইতিবাচক উৎসাহের মাধ্যমে শিক্ষকরা শিক্ষার্থীদের বুঝতে সাহায্য করেন যে নৈতিক সিদ্ধান্ত কীভাবে ব্যক্তি, পরিবার, শিক্ষা এবং সমাজকে প্রভাবিত করে।

সম্মান, দায়িত্ববোধ ও শৃঙ্খলা

দৃঢ় চরিত্র গড়ে ওঠে প্রতিদিনের ছোট ছোট ভালো অভ্যাসের মধ্য দিয়ে। তাই শিক্ষার্থীদের সময়ানুবর্তী হওয়া, নিজের দায়িত্ব আন্তরিকতার সঙ্গে পালন করা, অন্যের মতামতকে সম্মান করা, শালীন ভাষা ব্যবহার করা, প্রতিষ্ঠানের নিয়ম মেনে চলা, বিদ্যালয়ের সম্পদ রক্ষা করা এবং আত্মবিশ্বাস বজায় রেখে শৃঙ্খলাপূর্ণ জীবনযাপনের শিক্ষা দেওয়া হয়।

শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল অ্যান্ড কলেজে শৃঙ্খলা মানে শুধু নিয়ম মেনে চলা নয়; বরং আত্মনিয়ন্ত্রণ, জবাবদিহিতা, সঠিক বিচারবোধ এবং দায়িত্বশীল আচরণ গড়ে তোলা।

সহমর্মিতা ও সামাজিক দায়িত্ববোধ

শিক্ষা শুধু একটি ভালো পেশার জন্য প্রস্তুত করবে না, বরং একজন শিক্ষার্থীকে সমাজের দায়িত্বশীল সদস্য হিসেবেও গড়ে তুলবে। সহমর্মিতা, সহযোগিতা, উদারতা, পরিবেশ সচেতনতা, সমাজসেবা, নেতৃত্ব, দলগত কাজ এবং দায়িত্বশীল নাগরিকত্বের চর্চার মাধ্যমে শিক্ষার্থীদের অন্য মানুষ ও সমাজের প্রতি তাদের দায়িত্ব সম্পর্কে সচেতন করা হয়।

আমরা শিক্ষার্থীদের নিজেদের কাছে কয়েকটি প্রশ্ন করতে উৎসাহিত করি:

কাজটি কি সঠিক? এটি কি সৎ? এটি কি সম্মানজনক? এটি কি দায়িত্বশীল আচরণ? এটি কি অন্যের উপকার করবে? এই আত্মজিজ্ঞাসাই ধীরে ধীরে একজন শিক্ষার্থীকে স্বাধীনভাবে সঠিক ও নৈতিক সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা প্রদান করে।

অর্জনের আগে চরিত্র

একাডেমিক উৎকর্ষ আমাদের প্রতিষ্ঠানের অন্যতম প্রধান অগ্রাধিকার। তবে সততা ও মূল্যবোধ ছাড়া কোনো অর্জনই পূর্ণাঙ্গ শিক্ষার পরিচয় বহন করে না। একজন শিক্ষার্থী পরীক্ষায় অসাধারণ ফলাফল করতে পারে, কিন্তু তার অর্জিত জ্ঞান ভবিষ্যতে কীভাবে ব্যবহৃত হবে তা নির্ধারণ করে তার সততা, বিনয়, দায়িত্ববোধ, সহমর্মিতা, সাহস, সম্মানবোধ ও মানবিকতা।

এ কারণেই আমাদের শিক্ষাদর্শন শিক্ষার্থীর জ্ঞান, আচরণ, মূল্যবোধ ও চরিত্রের সমন্বিত বিকাশে বিশ্বাসী।

শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল অ্যান্ড কলেজ এমন শিক্ষার্থী গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ, যারা শুধু একাডেমিকভাবে দক্ষ নয়, বরং চিন্তায় নৈতিক, আচরণে মার্জিত, কাজে দায়িত্বশীল, মানুষের প্রতি সহানুভূতিশীল এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণে আত্মবিশ্বাসী।

আমাদের অঙ্গীকার

আমরা জ্ঞানকে সমৃদ্ধ করি, মূল্যবোধকে শক্তিশালী করি, চরিত্র গঠন করি এবং ভবিষ্যতের জন্য দায়িত্বশীল মানুষ তৈরি করি।

• নৈতিকতায় দৃঢ় • মূল্যবোধে সমৃদ্ধ • চরিত্রে অনন্য

প্রতিটি শিশুর গল্প আলাদা

সম্মানিত অভিভাবকদের প্রতি আমাদের হৃদয়স্পর্শী বার্তা

"অন্য একটি শিশুর সাফল্য দিয়ে নিজের সন্তানকে বিচার করবেন না; বরং আপনার সন্তানের নিজস্ব শক্তি ও সম্ভাবনাকে আবিষ্কার করতে সাহায্য করুন।"

শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল অ্যান্ড কলেজে আমরা বিশ্বাস করি, প্রতিটি শিশু স্বতন্ত্র এবং প্রত্যেকের মধ্যেই রয়েছে নিজস্ব প্রতিভা ও সম্ভাবনা। কোনো শিশু গণিতে ভালো, কেউ ভাষায়, কেউ শিল্পকলায়, খেলাধুলায়, প্রযুক্তিতে, নেতৃত্বে, সৃজনশীলতায়, যোগাযোগে কিংবা সমস্যা সমাধানে দক্ষ। কেউ দ্রুত শেখে, আবার কারও প্রয়োজন হয় একটু বেশি সময়, উৎসাহ ও বারবার অনুশীলন। আলাদা হওয়া মানে কম যোগ্য হওয়া নয়। এ কারণেই সম্মানিত অভিভাবকদের প্রতি আমাদের আন্তরিক অনুরোধ, আপনার সন্তানকে অন্য কোনো শিশুর সঙ্গে তুলনা করবেন না।

"তোমার বন্ধুর রেজাল্ট দেখো", "তুমি ওর মতো হতে পারো না কেন?" কিংবা "সবাই পারছে, শুধু তুমি পারছ না কেন?" এ ধরনের কথা অনেক সময় উৎসাহ দেওয়ার উদ্দেশ্যে বলা হলেও বারবার তুলনা একটি শিশুর আত্মবিশ্বাস ও নতুন করে চেষ্টা করার মানসিকতা দুর্বল করে দিতে পারে।

তাই "তুমি অন্যদের মতো হতে পারছ না কেন?" বলার পরিবর্তে আমরা যেন বলি, "গতকালের চেয়ে আজ তুমি কীভাবে আরও ভালো করতে পারো, চলো আমরা একসঙ্গে চেষ্টা করি।" নম্বর গুরুত্বপূর্ণ, কিন্তু আপনার সন্তান তার চেয়েও গুরুত্বপূর্ণ। আমরা চাই প্রতিটি শিক্ষার্থী উন্নতি করুক এবং নিজের সর্বোচ্চ সামর্থ্য অনুযায়ী সাফল্য অর্জন করুক। কিন্তু একটি Report Card কখনোই একটি শিশুর সততা, দয়া, সৃজনশীলতা, সাহস, জানার আগ্রহ, শৃঙ্খলা, নেতৃত্ব, দায়িত্ববোধ কিংবা ভবিষ্যৎ সম্ভাবনাকে সম্পূর্ণভাবে পরিমাপ করতে পারে না।

আজ যে শিশুটি কম নম্বর পেয়েছে, ভবিষ্যতে সেই শিশুই একজন সফল পেশাজীবী, উদ্যোক্তা, বিজ্ঞানী, শিল্পী, শিক্ষক, নেতা কিংবা দায়িত্বশীল নাগরিক হয়ে উঠতে পারে। আজ তার প্রয়োজন সঠিক দিকনির্দেশনা, নিয়মিত প্রচেষ্টা, শৃঙ্খলা এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, তার চারপাশের মানুষ তার উন্নতির সক্ষমতার ওপর বিশ্বাস রাখে এই অনুভূতি।

আপনার কথাই একসময় সন্তানের মনের ভাষা হয়ে ওঠে, শিশুরা অনেক কিছু ভুলে যেতে পারে, কিন্তু বাবা-মায়ের আচরণ তাদের মনে কী অনুভূতি সৃষ্টি করেছিল, সেটি অনেক সময় দীর্ঘদিন মনে রাখে।

"আমি তোমার ওপর বিশ্বাস করি" একটি শিশুকে আবার চেষ্টা করার সাহস দিতে পারে। **"ভুল করা শেখারই একটি অংশ"** তার ব্যর্থতার ভয় কমাতে পারে। **"চলো, আমরা একসঙ্গে সমাধান করি"** তার একাকিত্বকে নিরাপত্তায় পরিণত করতে পারে। আর **"তোমার প্রচেষ্টার জন্য আমি গর্বিত"** তাকে শেখাতে পারে যে শুধু অবস্থান বা ফলাফল নয়, উন্নতির জন্য প্রচেষ্টাও গুরুত্বপূর্ণ। তাই পরিবার এমন একটি নিরাপদ জায়গা হওয়া উচিত, যেখানে সন্তান খারাপ ফলাফল, ভুল, ভয় কিংবা কোনো সমস্যার কথা পরিবারের ভালোবাসা ও সম্মান হারানোর ভয় ছাড়াই বলতে পারে।

বিচার করার আগে সন্তানের কথা শুনুন

কখনো কখনো একটি শিশুর তাৎক্ষণিক উপদেশ কিংবা দীর্ঘ বক্তৃতার প্রয়োজন হয় না। তার প্রয়োজন হয় এমন একজন মানুষের, যিনি মন দিয়ে তার কথা শুনবেন। একটি শিশুর ফলাফল খারাপ হওয়ার পেছনে থাকতে পারে শেখার ঘাটতি, মনোযোগের অভাব, বন্ধুত্বজনিত সমস্যা, ব্যর্থতার ভয়, কোনো বিষয় বুঝতে অসুবিধা, দুর্বল পড়াশোনার অভ্যাস কিংবা আরও কিছুটা দিকনির্দেশনার প্রয়োজন। তাই **"তুমি ঠিকমতো পড়াশোনা করছ না"** বলার আগে তাকে জিজ্ঞেস করুন: **"কোন বিষয়টি তোমার শেখাকে কঠিন করে তুলছে? আমরা কীভাবে তোমাকে সাহায্য করতে পারি?"** এই একটি প্রশ্ন অনেক সময় এমন একটি দরজা খুলে দিতে পারে, যা সমালোচনা ও বকাঝকা চিরদিনের জন্য বন্ধ করে দিতে পারে।

পরিবার ও প্রতিষ্ঠানকে একসঙ্গে কাজ করতে হবে

একটি শিশুর সর্বোত্তম বিকাশ তখনই সম্ভব, যখন পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠান দুটি আলাদা জগৎ হিসেবে নয়, বরং অংশীদার হিসেবে কাজ করে।

শিক্ষকরা শিক্ষার্থীর একাডেমিক শক্তি, শেখার ঘাটতি, শ্রেণিকক্ষের আচরণ এবং উন্নতির ক্ষেত্রগুলো শনাক্ত করতে পারেন। অন্যদিকে অভিভাবকরা সন্তানের বাড়ির অভ্যাস, আবেগ, আগ্রহ, আচরণ এবং ব্যক্তিগত পরিবর্তনগুলো সবচেয়ে ভালোভাবে বুঝতে পারেন। এই দুই পক্ষ যখন একই লক্ষ্যে একসঙ্গে কাজ করে, তখন সমস্যাগুলো দ্রুত শনাক্ত করা যায় এবং কার্যকর সমাধানও সহজ হয়।

এ কারণেই শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল অ্যান্ড কলেজ নিয়মিত যোগাযোগ, ইতিবাচক অভিভাবক সম্পৃক্ততা, শিক্ষক নির্দেশনা, Mentoring এবং শিক্ষার্থীর প্রতি Individual Attention-কে সামগ্রিক বিকাশের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচনা করে।

শিকড়ও দিন, ডানাও দিন

আমাদের দায়িত্ব সন্তানের ভবিষ্যতের প্রতিটি সিদ্ধান্ত তার হয়ে নিয়ে নেওয়া নয়। আমাদের দায়িত্ব হলো তাকে মূল্যবোধ, শৃঙ্খলা, শিক্ষা, সঠিক দিকনির্দেশনা, সুযোগ এবং মানসিক নিরাপত্তা প্রদান করা এবং ধীরে ধীরে দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণ করতে শেখানো। সন্তানকে অন্য কারও জীবনের সঙ্গে প্রতিযোগিতা করতে না শিখিয়ে তার নিজের গতকালের পারফরম্যান্সের সঙ্গে প্রতিযোগিতা করতে শেখাই।

- **তাকে সংশোধন করি, কিন্তু অপমান না করি।**
- **শৃঙ্খলা শেখাই, কিন্তু আত্মবিশ্বাস ভেঙে না দিই।**
- **পথ দেখাই, কিন্তু তার প্রতিটি স্বপ্ন নিয়ন্ত্রণ না করি।**
- **উৎকর্ষ প্রত্যাশা করি, কিন্তু অর্জনের সঙ্গে আমাদের ভালোবাসার শর্ত জুড়ে না দিই।**

কারণ শৈশব খুব দ্রুত চলে যায়। কিন্তু শৈশবে শোনা কথা, পাওয়া ভালোবাসা, অর্জিত অভিজ্ঞতা, গড়ে ওঠা আত্মবিশ্বাস এবং শেখা মূল্যবোধ একজন মানুষের সঙ্গে সারাজীবন থেকে যেতে পারে।

আমাদের প্রতিষ্ঠানের পক্ষ থেকে অভিভাবকদের প্রতি

সম্মানিত অভিভাবক, আপনার সন্তানকে অন্য কারও সন্তানের মতো হওয়ার প্রয়োজন নেই। তার প্রয়োজন আপনার ভালোবাসা, বিশ্বাস, সহযোগিতা ও সঠিক দিকনির্দেশনা, যাতে সে নিজের সর্বোত্তম সংস্করণ হয়ে উঠতে পারে। আসুন, পরিবার ও প্রতিষ্ঠান একসঙ্গে এমন একটি প্রজন্ম গড়ে তুলি, যারা শুধু পরীক্ষায় সফল নয়, বরং আত্মবিশ্বাসী, অন্যের প্রতি শ্রদ্ধাশীল, মানসিকভাবে দৃঢ়, নৈতিকভাবে দায়িত্বশীল এবং বাস্তব জীবনের জন্য প্রস্তুত।

• সন্তানের কথা শুনুন • তার সম্ভাবনাকে বুঝুন • ভবিষ্যতের পথ দেখান

শুধু ভালো ফলাফল নয়, গড়ে উঠুক আজীবন শেখার ভালোবাসা

অভিভাবকবৃন্দের জ্ঞাতব্য বিষয়...

১। ভর্তির সময় পিতা-মাতার উপস্থিতি আবশ্যক।

২। ভর্তি ফরমে পিতা-মাতা, অভিভাবকের সম্মতিসূচক স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।

৩। একবার ভর্তি সম্পন্ন হলে কোনো অবস্থাতেই ভর্তি বাতিলযোগ্য নয় ও ভর্তি ফি ফেরতযোগ্য নয়। অভিভাবকবৃন্দ কোনো অবস্থাতেই ভর্তি বাতিলের মাধ্যমে ভর্তি ফি ফেরতের সুপারিশের অধিকার রাখেন না।

৪। একই অভিভাবকের খরচে দুইজন ছাত্র/ছাত্রী পড়াশোনা করলে নিম্ন শ্রেণির একজনের ভর্তি ফি অর্ধেক এবং তিনজন ছাত্র/ছাত্রী পড়াশোনা করলে নিম্ন শ্রেণির একজন ছাত্র/ছাত্রীর ভর্তি ফি নেওয়া হবে না।

৫। এখানে লক্ষ্যনীয় যে, ৪ নং এ বর্ণিত সুবিধা শুধুমাত্র সে সকল ছাত্র/ছাত্রীই পাবে যারা একই অভিভাবকের উপার্জনে শিক্ষা ব্যয় নির্বাহ করে থাকে। একই ঠিকানাধীন বাড়ির ভিন্ন ভিন্ন অভিভাবকের সন্তানেরা এ সুযোগ গ্রহণ করতে পারবে না।

৬। অত্র শিক্ষা প্রতিষ্ঠানের পরিচিতি পুস্তক গ্রহণ করে পরিচিতি পুস্তকের সকল নিয়ম কানুন মেনে চলার সম্মতি জ্ঞাপন করতে হবে।

৭। ভর্তির ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

৮। ভর্তি ফি, বার্ষিক চার্জ, পরীক্ষার ফি ও উন্নয়ন ফি স্কুলের নিয়মানুযায়ী প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের পরদিন বেতন পরিশোধ করলে প্রতিমাসের জন্য ৫০ টাকা অতঃপর প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০ টাকা হারে বিলম্ব ফি দিতে হবে এবং পর পর তিন মাস বেতন বাকী পড়লে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর নাম কাটা যাবে, সেক্ষেত্রে অতিরিক্ত ৫০০ টাকা পুনঃভর্তি ফি প্রদান পূর্বক আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়ের রেজিষ্টারে নাম উঠানো ভর্তি কমিটির বিশেষ বিবেচনাধীন।

৯। যাতায়াত বাবদ কোনো প্রকার যানবাহনের ব্যবস্থা স্কুল কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করা হবে না। সেক্ষেত্রে অভিভাবকবৃন্দকে যাতায়াতের ব্যাপারে সচেতন থাকতে হবে।

১০। স্কুল কর্তৃক অনুমোদিত স্কুলের পোশাক পরিধান করে এবং বাসায় তৈরি টিফিন নিয়ে সময়মতো আসতে হবে। অন্যথায় প্রতিষ্ঠানের নিয়ম অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। বছরের যে কোনো টার্ম পরীক্ষার পূর্বে কোনো ছাত্র/ছাত্রীর বেতনাদি বকেয়া থাকলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে উক্ত পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র প্রদান করা হবে না।

১২। ছুটির পূর্বে *Emergency* হলে স্কুল পরিত্যাগ করতে হলে স্কুলের ব্যবস্থাপনা কমিটির পূর্ব অনুমতি নিতে হবে। আগমন ও নির্গমনের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতঃ ব্যবস্থাপনা কমিটিকে যথাযথ সহায়তা করতে হবে। অন্যথায় কমিটি বিশেষ ব্যবস্থা নিতে বাধ্য থাকবেন।

১৩। অভিভাবক সমাবেশ, ফলাফল ঘোষণা ইত্যাদি সম্বন্ধে অফিস থেকে কোনো প্রকার চিঠি বা নোটিশ পাঠানো হলে যথাসময়ে অবশ্যই উপস্থিত থেকে সহযোগিতা করতে হবে এবং সেই সাথে ছুটির পর ছাত্র/ছাত্রীকে কোন অভিভাবক গ্রহণ করবে তা ভর্তির সময় নিশ্চিত করতে হবে।

১৪। সকল সময় অভিভাবকবৃন্দের নির্ধারিত সেলফোন খোলা রাখতে হবে। অভিভাবকবৃন্দ তাদের সন্তানদের যে কোনো তথ্য স্বশরীরে এসে/সরাসরি ফোন কল, এস.এম.এস., হোয়াটসঅ্যাপ, প্রতিষ্ঠানের ফেসবুক পেজ বা অভিভাবক সমাবেশের মাধ্যমে জানতে পারবেন।

১৫। ভর্তি সংক্রান্ত বিষয়ে এবং যে কোনো প্রকার অনুযোগ, অভিযোগ, ভুল বুঝাবুঝি বা বিভ্রান্তির সম্মুখীন হলে সরাসরি ব্যবস্থাপনা কমিটির (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, সহকারি অধ্যক্ষ, মনিটরবৃন্দ) সাথে আন্তরিক সাক্ষাতের মাধ্যমে সমস্যা দূরীকরণের জন্য আহ্বান জানানো হলো। সাক্ষাতের ক্ষেত্রে শুধুমাত্র পিতা-মাতা ব্যতীত কোনো অবস্থাতেই বহিরাগত বা আত্মীয় পরিজনের উপস্থিতি গ্রহণযোগ্য নয়।

প্লে গ্রুপ হতে পঞ্চম শ্রেণি



ষষ্ঠ শ্রেণি হতে দশম শ্রেণি



সকল শাখায় সমমানের শিক্ষা প্রদান করা হয়...

অভিজাত সিএন্ডবি মোড়, উপশহর ও তালাইমারি এর সকল শাখায় একই পাঠদান প্রক্রিয়ায় একই প্রশ্নপত্রের ব্যবহারে সমমানের শিক্ষা প্রদান করা হয় যা সরাসরি কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে পরিচালিত হয়ে থাকে। এতে করে প্রতিটি শাখার প্রতিটি ছাত্র/ছাত্রী ব্যতিক্রমধর্মী শিক্ষা পরিবেশে নিজেকে বিকশিত করতে সক্ষম হচ্ছে। গুরুত্বপূর্ণ স্থানগুলোতে শাখা বিস্তারের মাধ্যমে আমরা চেষ্টা করেছি শিক্ষানগরী রাজশাহীর আনাচ-কানাচ থেকে প্রতিটি মেধা যেন অত্র প্রতিষ্ঠানে বিশেষ শিক্ষা ব্যবস্থায় অধ্যয়নের সুযোগ প্রাপ্ত হয়।

কলেজ ইউনিফরম



ভর্তি সংক্রান্ত বিষয়াবলী...

প্লে গ্রুপ হতে নবম শ্রেণি পর্যন্ত প্রতিটি শ্রেণির একাধিক শাখায় সীমিত আসন সংখ্যায় ছাত্র/ছাত্রী ভর্তি নেওয়া হবে। অভিভাবকবৃন্দকে ভর্তির ব্যাপারে ভর্তি কমিটির সাথে বিস্তারিত আলোচনার মাধ্যমে সকল তথ্য জেনে ভর্তি নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ভর্তির ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত। ক্লাস শুরু হওয়ার পর ছাত্র/ছাত্রীদের স্কুল অফিস হতে স্কুল নির্ধারিত মনোগ্রাম যুক্ত বই, খাতা, নোট-বুক, টাই, আইডি কার্ড সংগ্রহ করতে হবে। বছরের শুরুতে প্রথমবার টাই ও আইডি কার্ড বিনামূল্যে বিতরণ করা হবে। পরবর্তীতে নির্ধারিত মূল্যের বিনিময়ে স্কুল অফিস হতে সংগ্রহ করা যাবে।

ভর্তির নিয়ম...

- প্রথমেই বিদ্যালয় অফিস হতে ৪০০ টাকা মূল্যে ভর্তি ফরম, প্রসপেক্টাস ও অন্যান্য কাগজপত্র সংগ্রহ করতে হবে।
- ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ ও সঠিকভাবে পূরণের পর ছাত্র/ছাত্রীকে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে।
- ভর্তির ব্যাপারে মৌখিক পরীক্ষা দিতে হবে। ভর্তির সময় চতুর্থ শ্রেণি হতে নবম শ্রেণি পর্যন্ত ছাত্র/ছাত্রীকে অবশ্যই প্রগ্রেস রিপোর্ট জমা দিতে হবে।
- ভর্তির জন্য মনোনীত হলে অভিভাবকবৃন্দকে ভর্তির সমুদয় অর্থ এককালীন পরিশোধের মাধ্যমে ভর্তি নিশ্চিত করতে হবে (ছাত্র/ছাত্রীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কোনো ক্রমেই ভর্তি বাতিল করা যাবে না ও ভর্তি ফি ফেরতযোগ্য নয়)।
- ভর্তির সময় ছাত্র/ছাত্রীদের এক কপি স্ট্যাম্প সাইজ, দুই কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি ও জন্ম নিবন্ধন সনদের ফটোকপি এবং পিতা-মাতার এক কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে। অন্যথায় ভর্তি অসম্পূর্ণ বলে গণ্য হবে।

শিক্ষা পদ্ধতি...

প্রি-প্রাইমারি (প্লে গ্রুপ-কেজি)
প্রাইমারি (প্রথম-পঞ্চম)
নিম্ন মাধ্যমিক (ষষ্ঠ-অষ্টম)
মাধ্যমিক (নবম-দশম)
উচ্চ মাধ্যমিক (একাদশ-দ্বাদশ)

শিক্ষার মাধ্যম...

বাংলা (প্লে গ্রুপ- দ্বাদশ)



ভর্তির বয়স...

প্লে গ্রুপ	- ৪	চতুর্থ শ্রেণি	- ৮+
নার্সারি	- ৪+	পঞ্চম শ্রেণি	- ৯+
কেজি	- ৫	ষষ্ঠ শ্রেণি	- ১০+
প্রথম শ্রেণি	- ৫+	সপ্তম শ্রেণি	- ১১+
দ্বিতীয় শ্রেণি	- ৬+	অষ্টম শ্রেণি	- ১২+
তৃতীয় শ্রেণি	- ৭+	নবম শ্রেণি	- ১৩+

সহশিক্ষা ব্যবস্থা প্রচলিত কিন্তু প্রয়োজন অনুসারে তৃতীয় হতে দশম শ্রেণি পর্যন্ত ছাত্র/ছাত্রীদের পৃথক সেকশনে অধ্যয়ন করানো হয়। বাংলা মাধ্যমে ইংরেজি বিষয়ের প্রতি বিশেষ গুরুত্ব দেওয়া হয়। 3rd Language হিসেবে শিখানো হচ্ছে Spanish & Arabic Language. সহশিক্ষা কার্যক্রমে AI & Robotics, Computer & ICT, Baden Family, Club Activities.

ফি এর বিবরণ ২০২৭ (নতুন ভর্তি)

শ্রেণি / ফি	প্লে গ্রুপ	নার্সারি	কেজি	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম
মাসিক	২৬০০	২৮০০	২৮০০	২৯০০	২৯০০	৩০০০	৩০০০	৩০০০	৩২০০	৩২০০	৩২০০	৩৫০০
ভর্তি	৭০০০	৭০০০	৭২০০	৭৩০০	৭৩০০	৭৮০০	৭৮০০	৭৮০০	৮০০০	৮০০০	৮০০০	৮৫০০
সেশন	৭৫০০	৭৫০০	৭৫০০	৭৮০০	৭৮০০	৮৫০০	৮৫০০	৮৫০০	৯০০০	৯০০০	৯০০০	৯৫০০
পরীক্ষা	২৪০০	২৭০০	৩০০০	৩০০০	৩০০০	৩২০০	৩২০০	৩২০০	৩৮০০	৩৮০০	৩৮০০	৪০০০
মোট	১৯৫০০	২০০০০	২০৫০০	২১০০০	২১০০০	২২৫০০	২২৫০০	২২৫০০	২৪০০০	২৪০০০	২৪০০০	২৫৫০০

উপরোল্লিখিত ফি সমূহ ছাড়াও বনভোজন, শিক্ষা সফর, ছাড়পত্র, টাই, আইডি কার্ড, খাতা ও বৃত্তি পরীক্ষার ফি ইত্যাদি নির্ধারিত হারে প্রদান করতে হবে।

ফি এর বিবরণ ২০২৭ (পুরাতন ভর্তি)

শ্রেণি / ফি	নার্সারি	কেজি	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম
মাসিক	২৮০০	২৮০০	২৯০০	২৯০০	৩০০০	৩০০০	৩০০০	৩২০০	৩২০০	৩২০০	৩৫০০	৩৫০০
উন্নয়ন	৬০০০	৬০০০	৬০০০	৬০০০	৭০০০	৭০০০	৭০০০	৭৫০০	৭৫০০	৭৫০০	৮০০০	৮০০০
সেশন	৭৫০০	৭৫০০	৭৮০০	৭৮০০	৮৫০০	৮৫০০	৮৫০০	৯০০০	৯০০০	৯০০০	৯৫০০	৯৫০০
পরীক্ষা	২৭০০	৩০০০	৩০০০	৩০০০	৩২০০	৩২০০	৩২০০	৩৮০০	৩৮০০	৩৮০০	৪০০০	৪০০০
মোট	১৯০০০	১৯৩০০	১৯৭০০	১৯৭০০	২১৭০০	২১৭০০	২১৭০০	২৩৫০০	২৩৫০০	২৩৫০০	২৫০০০	২৫০০০

বার্ষিক বৃত্তি পরীক্ষায় ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য রয়েছে উন্নয়ন ফি এর উপর (১ম স্থান-৫০%, ২য় স্থান-৪৫% ও ৩য় স্থান-৪০%) Waiver.

বার্ষিক বৃত্তি পরীক্ষায় সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জন্য রয়েছে উন্নয়ন ফি এর উপর ৩৫% Waiver (৪র্থ স্থান থেকে শুরু করে মোট পরীক্ষার্থীর ১৫%).

সকল শ্রেণির সকল নিয়মিত শিক্ষার্থীদের জন্য রয়েছে উন্নয়ন ফি এর উপর ২৫% Waiver.

কেন আপনার সন্তানকে শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজে ভর্তি করাতে চান?

☞ উচ্চমানসম্পন্ন শিক্ষা ব্যবস্থা

⇒ প্রতিষ্ঠানটির পাঠ্যক্রম জাতীয় শিক্ষাক্রম অনুযায়ী যথাযথভাবে পরিচালিত হয়।
⇒ আধুনিক ও সময়োপযোগী টিচিং মেথড ব্যবহৃত হয় যা শিক্ষার্থীদের জ্ঞানের গভীরতা বাড়ায়।
⇒ নিয়মিত মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের অগ্রগতি মনিটর করা হয়।

☞ দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকবৃন্দ

⇒ প্রতিটি বিষয়ের জন্য রয়েছে প্রশিক্ষণপ্রাপ্ত, অভিজ্ঞ ও নিবেদিতপ্রাণ শিক্ষক।
⇒ শিক্ষকগণ কেবল পাঠদান নয়, বরং শিক্ষার্থীদের মানসিক বিকাশেও সহায়তা করেন।
⇒ শিক্ষার্থীদের সমস্যা বুঝে আলাদা সহযোগিতার ব্যবস্থা করা হয়।

☞ উন্নত টিচিং সিস্টেম

⇒ অংশগ্রহণমূলক ও শিক্ষার্থী-কেন্দ্রিক শিক্ষা পদ্ধতি অনুসরণ করা হয়।
⇒ সৃজনশীল প্রশ্ন কাঠামো ও বাস্তব জীবনের উদাহরণ ব্যবহার করে পাঠদান করা হয়।
⇒ রিভিশন, হোমওয়ার্ক মনিটরিং ও ফিডব্যাক ভিত্তিক শিক্ষাদান চালু আছে।

☞ শৃঙ্খলা ও নিয়মনীতি (Good Discipline)

⇒ শিক্ষার্থীদের মধ্যে সময়ানুবর্তিতা, দায়িত্ববোধ ও নিয়মানুবর্তিতা গড়ে তোলা হয়।
⇒ নিয়মিত উপস্থিতি, ইউনিফর্ম, শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা ইত্যাদি কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়।
⇒ আচরণগত শৃঙ্খলা বজায় রাখতে অভিভাবকদের সাথেও নিয়মিত যোগাযোগ রাখা হয়।

☞ সায়েন্স ল্যাব ও বাস্তবভিত্তিক শেখা

⇒ বেস্ট নেচার অব সাইন্স ব্যবহারিক ক্লাসে হাতে-কলমে শেখার সুযোগ।
⇒ বিজ্ঞানভিত্তিক কার্যক্রমের মাধ্যমে অনুসন্ধানী মনোভাব গড়ে তোলা হয়।
⇒ পরিবেশ, প্রযুক্তি ও স্বাস্থ্য বিষয়ক বাস্তব শিক্ষা দেওয়া হয়।



EIIN: 136830
School Code: 1976
College Code: 1234

কেন আপনার সন্তানকে শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজে ভর্তি করাতে চান?

☞ **সুন্দর ও নিরাপদ পরিবেশ (Good Environment)**

⇒ পরিচ্ছন্ন, নির্মল এবং শিক্ষার জন্য উপযোগী ক্যাম্পাস।
⇒ পর্যাপ্ত আলো-বাতাসযুক্ত শ্রেণিকক্ষ, বিশুদ্ধ পানির ব্যবস্থা ও সুরক্ষা ব্যবস্থাপনা।
⇒ বন্ধুসুলভ ও সহানুভূতিশীল পরিবেশ, যা মানসিক স্বাচ্ছন্দ্য দেয়।

☞ **আধুনিক স্মার্ট ক্লাসরুম**

⇒ ডিজিটাল বোর্ড, মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং অডিও-ভিজুয়াল উপকরণ ব্যবহৃত হয়।
⇒ প্রযুক্তিনির্ভর ক্লাসরুম শিক্ষার্থীদের আগ্রহ বাড়ায় ও সহজে শিখতে সহায়তা করে।
⇒ শিক্ষা আরও ইন্টারেক্টিভ ও আনন্দদায়ক হয়।

☞ **শিষ্টাচার ও নৈতিক শিক্ষা (Good Manners & Ethical Morals)**

⇒ শিক্ষার্থীদের মধ্যে মানবিকতা, ভদ্রতা ও সহনশীলতা তৈরি করা হয়।
⇒ নৈতিকতা বিষয়ক পাঠ, অনুষ্ঠানে অংশগ্রহণ ও সামাজিক দায়িত্ববোধ শিক্ষা দেওয়া হয়।
⇒ স্কুলের পরিবেশ নিজেই একটি নৈতিক শিক্ষার চর্চাকেন্দ্র।

☞ **সহশিক্ষা কার্যক্রম**

⇒ বিতর্ক, সাধারণ জ্ঞান, চিত্রাঙ্কন, খেলাধুলা, সংগীত প্রভৃতি সহশিক্ষা কার্যক্রম।
⇒ শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের সুযোগ ও মঞ্চ প্রদান।
⇒ বিভিন্ন স্থানীয় ও জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ।

☞ **অভিভাবক-শিক্ষক সমন্বয়**

⇒ অভিভাবকদের নিয়মিত ফিডব্যাক প্রদান এবং মিটিং-এর মাধ্যমে অগ্রগতি তুলে ধরা।
⇒ কোনো সমস্যা বা চ্যালেঞ্জে সম্মিলিতভাবে সমাধান খোঁজার পরিবেশ।







শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ সম্পর্কিত কিছু তথ্যঃ

☞ শিক্ষার গুণগত মানঃ

শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ সবসময় গুণগত শিক্ষার মান ধরে রাখার ক্ষেত্রে অঙ্গীকারবদ্ধ।

- প্রতিষ্ঠানটি জাতীয় পাঠ্যক্রম অনুসারে যুগোপযোগী ও মানসম্পন্ন শিক্ষা প্রদান করে।
- এখানে শিক্ষার্থীদের তত্ত্বীয় জ্ঞান ও ব্যবহারিক শিক্ষার সমন্বয় ঘটিয়ে পাঠদান করা হয়।
- বিনামূল্যে বিশেষ পাঠদান, মেধাবী শিক্ষার্থী পুরস্কার এবং নিয়মিত মডেল পরীক্ষা নেওয়ার ব্যবস্থা রয়েছে।
- নৈতিক শিক্ষা ও মানবিক মূল্যবোধ গঠনে আলাদা গুরুত্ব প্রদান করা হয়, যা শিক্ষার্থীদের জীবনে ইতিবাচক প্রভাব ফেলে।

☞ শিক্ষকের দক্ষতাঃ

প্রতিষ্ঠানের অন্যতম শক্তি এর শিক্ষকবৃন্দ।

- অভিজ্ঞ, প্রশিক্ষিত এবং যুগোপযোগী শিক্ষাদীক্ষায় দক্ষ শিক্ষক-শিক্ষিকারা পাঠদান করেন।
- নিয়মিত প্রশিক্ষণ, ওয়ার্কশপ ও সেমিনারের মাধ্যমে শিক্ষকগণ সর্বাধুনিক শিক্ষাবিষয়ক দক্ষতা অর্জন করেন।
- শিক্ষকেরা শুধু পাঠদানের মধ্যেই সীমাবদ্ধ নন, তারা শিক্ষার্থীদের পরামর্শদাতা, অভিভাবক এবং জীবন-গঠনের পথপ্রদর্শক হিসেবেও কাজ করেন।



☞ আধুনিক শ্রেণি কার্যক্রমঃ

প্রতিষ্ঠানটির শ্রেণিকক্ষে রয়েছে আধুনিক কার্যক্রমের নানাবিধ আয়োজন।

- মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্মার্টবোর্ড, অডিও-ভিজ্যুয়াল কনটেন্ট ব্যবহার করে ক্লাস পরিচালিত হয়।
- প্রকল্পভিত্তিক শিক্ষা, গ্রুপ ওয়ার্ক, ডিবেট, প্রেজেন্টেশান এবং গল্প বলার সেশনের মাধ্যমে শিক্ষার্থীদের কার্যকরভাবে পাঠ গ্রহণ করানো হয়।
- বিষয়ভিত্তিক কার্যক্রম যেমন গণিত অলিম্পিয়াড, সায়েন্স ফেয়ারে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হয়।

☞ এক্সট্রা কারিকুলার এক্টিভিটিজঃ

শুধু পড়াশোনার গণ্ডিতে নয়- এই প্রতিষ্ঠান শিক্ষার্থীদের চরিত্র, নৈতিকতা ও সৃজনশীলতা বিকাশে প্রচুর সুযোগ তৈরি করেছে।

- বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বিতর্ক, চিত্রাঙ্কন, কবিতা আবৃত্তি, গান, নৃত্য ও নাটক আয়োজন করা হয়।
- জাতীয় দিবসগুলো বিশেষভাবে উদযাপন করা হয়, যার মধ্য দিয়ে শিক্ষার্থীরা দেশপ্রেম ও ইতিহাস সম্পর্কে সচেতন হয়।
- রয়েছে স্কাউট, রোভার স্কাউট, রেড ক্রিসেন্ট, ইকো ক্লাব ও বিজ্ঞান ক্লাব, যারা নিয়মিত কার্যক্রম পরিচালনা করেন।

☞ শিক্ষা, সংস্কৃতি, প্রকৃতি ও বিজ্ঞান:

শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ শুধু পড়াশোনা নয়- জীবন-ঘনিষ্ঠ শিক্ষা দানেও শ্রেষ্ঠত্বের সাক্ষর রেখেছে।

- বাংলা সংস্কৃতি ও ঐতিহ্যভিত্তিক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের শিকড়ের সাথে যুক্ত রাখা হয়।
- পরিবেশ সচেতনতা বৃদ্ধির জন্য বৃক্ষরোপণ কর্মসূচি, প্রাকৃতিক ভ্রমণ এবং পরিবেশ বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়।
- বিজ্ঞান শিক্ষার জন্য আধুনিক ল্যাব, সায়েন্স ফেয়ার, এবং প্রজেক্ট উপস্থাপনা ব্যবস্থা রয়েছে, যা শিক্ষার্থীদের গবেষণামুখী ও বিশ্লেষণী মানসিকতা গড়ে তোলে।

☞ ইন্টার‍্যাক্টিভ টিচিং এন্ড লার্নিং:

এই প্রতিষ্ঠানে ইন্টার‍্যাক্টিভ শিক্ষা পদ্ধতি কার্যকরভাবে প্রয়োগ করা হয়।

- শিক্ষার্থী-কেন্দ্রিক ও প্রশ্নোত্তরমূলক পাঠদান পদ্ধতি চালু রয়েছে।
- গুরুত্বপূর্ণ বিষয়ে ওপেন ডিসকাশন, রোল-প্লে, ডিবেট ও গ্রুপ ডিসকাশন পরিচালনা করা হয়।
- প্লে, নার্সারি, কেজি থেকে শুরু করে সিনিয়র শ্রেণিতেও ইন্টার‍্যাক্টিভ গেইম, মাল্টিমিডিয়া ভিডিও, গল্প বলা এবং হ্যান্ডস-অন এক্টিভিটিজ রাখা হয়।
- শিক্ষার্থীদের মনস্তাত্ত্বিক বিকাশের জন্য নিয়মিত কাউন্সেলিং ও মোটিভেশনাল সেশন পরিচালনা করা হয়।



☞ কেন এই প্রতিষ্ঠান অসাধারণ ও অভিন্ন?

- শিক্ষার গুণগত মানে ধারাবাহিক উৎকর্ষতা
- প্রশিক্ষিত, উদ্ভাবনী ও শিক্ষার্থীবান্ধব শিক্ষকবৃন্দ
- আধুনিক প্রযুক্তিনির্ভর শ্রেণিকক্ষ ও পদ্ধতি
- নানামুখী এক্সট্রা কারিকুলার কার্যক্রম
- সংস্কৃতি, প্রকৃতি ও জাতীয় চেতনা বিকাশের বিশেষ আয়োজন
- ইন্টার‍্যাক্টিভ ও আনন্দমুখর পাঠদানের পরিবেশ
- শিক্ষার্থীদের সৃজনশীলতা ও নেতৃত্বের গুণাবলী বিকাশের যথার্থ প্ল্যাটফর্ম

শিক্ষার্থীদের স্থানীয় ও জাতীয় পর্যায়ে বিভিন্ন অর্জনসমূহ

১। শিশু আনন্দ মেলা ২০১১ (৩য় স্থান)
২। রাজশাহী সাংস্কৃতিক উৎসব ২০১২ (২য় স্থান)
৩। বিভাগীয় বিজ্ঞান মেলা ২০১৫ (১ম স্থান)
৪। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৫ (২য় স্থান- 'ক' গ্রুপ)
৫। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৫ (১ম স্থান- 'খ' গ্রুপ)
৬। ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০১৫ (শুভেচ্ছা স্মারক)
৭। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৬ (২য় স্থান- 'ক' গ্রুপ)
৮। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৬ (জাতীয় পর্যায়ে ১ম স্থান- স্কুল শাখা)
৯। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৭ (২য় স্থান- 'ক' গ্রুপ)
১০। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৭ (১ম স্থান- 'খ' গ্রুপ)
১১। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৭ (জাতীয় পর্যায়ে ২য় স্থান- স্কুল শাখা)
১২। শিক্ষা সপ্তাহ ২০১৭ 'অভিনয় ও সংগীত' বিভাগে (১ম স্থান)
১৩। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৮ (১ম স্থান- 'ক' গ্রুপ)
১৪। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০১৮ (১ম স্থান- 'খ' গ্রুপ)
১৫। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০২৩ (২য় স্থান- 'ক' গ্রুপ)
১৬। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০২৩ (১ম স্থান- 'খ' গ্রুপ)
১৭। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০২৩ (জাতীয় পর্যায়ে ১ম স্থান- 'খ' গ্রুপ)
১৮। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বিজ্ঞান সপ্তাহ ২০২৩ (১ম স্থান- 'জুনিয়র' গ্রুপ)
১৯। মাদারবক্স গার্হস্থ্য অর্থনীতি কলেজ বিজ্ঞান ও প্রযুক্তি মেলা ২০২৩ (২য় স্থান- 'খ' গ্রুপ)
২০। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০২৪ (জাতীয় পর্যায়ে ১ম স্থান- 'ক' গ্রুপ)
২১। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা ২০২৪ (জাতীয় পর্যায়ে ৩য় স্থান- 'খ' গ্রুপ)
২২। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা রাজশাহী ২০২৪ (৩য় স্থান- 'ক' গ্রুপ)
২৩। বিসিএসআইআর শিল্প বিজ্ঞান ও প্রযুক্তি মেলা রাজশাহী-২০২৫ (প্রথম স্থান-'ক' গ্রুপ)।
২৪। বিসিএসআইআর শিল্প বিজ্ঞান ও প্রযুক্তি মেলা রাজশাহী-২০২৫ (দ্বিতীয় স্থান-'খ' গ্রুপ)
২৫। বিসিএসআইআর শিল্প বিজ্ঞান ও প্রযুক্তি মেলা- ২০২৫ (জাতীয় পর্যায়ে দ্বিতীয় স্থান-'ক' গ্রুপ)।
২৬। বিসিএসআইআর শিল্প বিজ্ঞান ও প্রযুক্তি মেলা- ২০২৫ (জাতীয় পর্যায়ে প্রথম স্থান-'খ' গ্রুপ)।
২৭। রাজশাহী কলেজ সায়েন্স ফেস্ট- ২০২৫ এ 'প্রজেক্ট শোকেসিং' (চ্যাম্পিয়ান-জুনিয়র গ্রুপ)।
২৮। রাজশাহী কলেজ সায়েন্স ফেস্ট- ২০২৫ এ 'প্রজেক্ট শোকেসিং' (চ্যাম্পিয়ান-সেকেন্ডারি গ্রুপ)।
২৯। রাজশাহী কলেজ সায়েন্স ফেস্ট- ২০২৫ এ 'রিসার্চ পেপার সাবমিশন' (প্রথম-রানার আপ)।
৩০। বাংলাদেশ অ্যাস্ট্রোনমী ও অ্যাস্ট্রোফিজিক্স অলিম্পিয়াড বিভাগীয় পর্যায়ে (সিনিয়র গ্রুপে দ্বিতীয় স্থান) অর্জন।
৩১। ৪৬ তম বিজ্ঞান ও প্রযুক্তি মেলা বিভাগীয় পর্যায়ে দ্বিতীয় স্থান অর্জন।





LEARN



ENGAGE



WE SERVE
THE BEST
EDUCATION

ADMISSION
OPEN
FOR
PLAY TO ELEVEN



GROW

ABOUT US

With a unique, one of its kind concept, SMNSSC is a place where children grow & develop while reading, listening and playing. Here they move from dependence to independence, from shaky coordination to refined skills, from body language to verbal communication, from self-absorption to growing social awareness.

Our Features

- Education Board Curriculum
- Guaranted Good Results
- Skilled & Experienced Teachers
- Subject Based Teacher
- Language Club
- Science Club
- Cultural Club (Dancing, Singing, Acting, Reciting, Anchoring
- Debating Club
- Maths & English Olympiad
- Several Quiz Competition
- Art & Craft Competition
- Smart Classroom
- Loving & Caring Environment
- Moral Education
- Ensure Commitment

SMNSSC

ADMISSION
OPEN FOR
2027



ENROLL
NOW

Play Group to XI







Why do students choose this school?



- A quality plan and policy
- Academic excellence
- Character development
- Acquisition of skills
- Ensuring good result
- Available on website
- Graining leadership skills
- Internal Scholarship
- Increase your earning potential
- High level of family involvement
- Focused professional development
- Developing time management skill
- Developing conflict regulation skills
- Refining verbal communication skills
- Improving written communication skills
- A safe learning environment for students
- Growing of students' critical thinking skills
- Clean and well-organized school premises
- Increasing students' potential to live longer
- Preparing ownself for constructive criticism
- Expansion of students' professional network
- Celebration of internal and external success
- Supportive administrators and quality teachers
- High levels of communications and collaboration
- Developing enhanced problem solving capabilities
- Reliable support staff & organized service provides
- Expand your opportunities in esteem and health care
- Learning the value of collaboration and communication
- Frequent monitoring of the teaching and learning process
- Random teacher-parent communication regarding education

SHIMUL MEMORIAL NORTH SOUTH SCHOOL & COLLEGE

Play Group to XI



Our Program Include

- E-Learning School
- Joyful Education
- Activity Based Education
- Loving Atmosphere
- Creative Education Plan
- Surprise Activity
- Abacus

Admission Open

We Serve The Best Education







Main Branch:

Sadharan Bima Corporation Bhaban, 93, Kazihata, Greater Road, Rajpara, Rajshahi-6000.
Phone : 02588860715, 02588860713, 02588861248, 02588857368, 02588854737.
Mobile : 01309136830, 01343203523, 01343203524, 01717736077, 01783701659, 01711197814, 01726642020.
E-mail : smnss.cnb@gmail.com; Facebook : Shimul Memorial North South School and College

Uposhohor Branch:

House# 262, Sector# 02, Uposhohor Housing Estate, Sopura, Boalia, Rajshahi.
Phone : 0247860226; Mobile : 01728358319, 01741993397, 013160215071
E-mail : smnss.upo@gmail.com;
Facebook: Shimul Memorial North South School & College, Rajshahi - Uposhohor Branch

Talaimari Branch:

House# 532, Ward- 25, Talaimari Northern Mor,
Jahangir Soroni, Kazla, Boalia, Rajshahi.
Phone : 02588866616; Mobile : 01711338431,
01797567267, 01793995090.
E-mail : smnss.talaimari@gmail.com;
Facebook : Shimul memorial north south
school and college ,Rajshahi Talaimari

Official E-mail: shimulmemorial@gmail.com
Website: www.smnssc.com

